পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ প্রস্তাবিত মাধ্যমিক স্তরের পাঠক্রম ও পাঠ্যসূচি

(ষষ্ঠ শ্রেণী হইতে দশম শ্রেণী)

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ
প্রস্তাবিত মাধ্যমিক স্তরের
পাঠক্রম ও পাঠ্যসূচি

(ষষ্ঠ শ্রেণী হইতে দশম শ্রেণী)

সূচিপত্র

বাংলা

বাংলা পাঠ্যগ্রন্থ ঃ সাহিত্য

ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর পাঠ্যগ্রন্থ সম্পর্কিত প্রচলিত নির্দেশিকা বহাল থাকবে।

[Vide Curriculum and Syllabus for Madhyamik Pariksha w.e.f. 1974]

শ্রেণী ঃ ষষ্ঠ

[লেখ্য বিষয় - ৯০, মৌখিক - ১০]

১।	পাঠ্যগ্রন্থ ঃ	
	(ক) গদ্যাংশ	২০
	(খ) পদ্যাংশ	২০
২।	ব্যাকরণ	২০
৩।	পত্ররচনা-অনুচ্ছেদ	১৫
৪।	সহায়ক পাঠ	১৫
৫।	মৌখিক	১০

- ❒ গদ্যাংশে রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্র সহ মোট পাঁচজন লেখকের গদ্য রচনা পাঠ্য হবে। এর ভেতর একটি রচনা পরিবেশ-সচেতনতা সম্পর্কিত হবে।
- ❒ পদ্যাংশে রবীন্দ্রনাথ ও সত্যেন্দ্রনাথ দত্ত সহ মোট পাঁচজন কবির কবিতা পড়াতে হবে।
- ❒ সহায়ক পাঠের জন্য একটি সংকলন গ্রন্থ থাকবে, যার ৪টি গল্প এবং ৪টি কবিতা পাঠ্য থাকবে।

শ্রেণী ঃ সপ্তম

[লেখ্য বিষয় - ৯০, মৌখিক - ১০]

- ❒ (ক) অংশে যুক্ত হবে পরিবেশ-চেতনা সংক্রান্ত কোনো রচনা।

  সহায়ক পাঠ ঃ একটি গ্রন্থ সংকলিত হবে যাতে অন্যান্য বিষয়ের সঙ্গে যুক্ত হবে মানবিক মূল্যবোধ সম্পন্ন ভ্রমণকাহিনি এবং কয়েকটি কবিতা। এখান থেকে ৪টি কবিতা ও ৪টি গদ্যরচনা পড়াতে হবে।

শ্রেণী ঃ অষ্টম

[লেখ্য বিষয় - ৯০, মৌখিক - ১০]

- ❒ পদ্যাংশে মধুসূদন, রবীন্দ্রনাথ এবং একজন মহিলা কবি সহ মোট ছয় জন কবির কবিতা, গদ্যাংশে রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র ও বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় সহ ছয় জন লেখকের রচনা পাঠ্য হবে।
- ❒ গদ্যাংশ ও পদ্যাংশের পাঠ্যপুস্তক সংক্রান্ত নির্দেশাবলীতে প্রদত্ত স্বাধীনতা-সংগ্রামীদের জীবনী ও সংগ্রাম প্রসঙ্গে ১৯০০ খ্রীস্টাব্দ পর্যন্ত সময়সীমাটি ১৯৪৭ খ্রীস্টাব্দ পর্যন্ত সম্প্রসারিত করা হোক। সংযুক্ত করা হোক বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক রচনা।

  সহায়ক গ্রন্থ ঃ সপ্তম শ্রেণীর কাঠামোয় অষ্টম শ্রেণীর জন্য যথাযথ মানে সংকলন করতে হবে।

শ্রেণী ঃ নবম ও দশম

প্রথম ভাষা ঃ বাংলা

পদ্যাংশ

*১।	গৌরচন্দ্রিকা (পতিত হেরিয়া কাঁদে)	....	গোবিন্দ দাস
২।	কালকেতুর নিকট ভাঁড়ুদত্ত	....	কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী
৩।	অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনী	....	রায়গুণাকর ভারতচন্দ্র
৪।	আগমনী	....	রামপ্রসাদ সেন
*৫।	বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ	....	মাইকেল মধুসূদন দত্ত
৬।	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	....	মাইকেল মধুসূদন দত্ত
৭।	ভারততীর্থ	....	রবীন্দ্রনাথ ঠাকুর
*৮।	দুই বিঘা জমি	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৯।	হতভাগ্যের গান	....	রবীন্দ্রনাথ ঠাকুর
*১০।	ছেলের দল	....	সত্যেন্দ্রনাথ দত্ত
১১।	কচি ডাব	....	যতীন্দ্রনাথ সেনগুপ্ত
১২।	কালবৈশাখী	....	মোহিতলাল মজুমদার
*১৩।	পথের দিশা	....	কাজী নজরুল ইসলাম
১৪।	কাণ্ডারি হুঁশিয়ার	....	কাজী নজরুল ইসলাম
১৫।	ছাত্রধারা	....	কালিদাস রায়
*১৬।	কবর (প্রথম তিনটি স্তবক)	....	জসীমউদ্দিন
*১৭।	বাংলার মুখ আমি দেখিয়াছি	....	জীবনানন্দ দাশ
১৮।	পাণ্ডুলিপি	....	বুদ্ধদেব বসু
*১৯।	জনম দুখিনীর ঘর	....	অরুণ মিত্র
২০।	বাইশে শ্রাবণ	....	বিষ্ণু দে
২১।	কাস্তে	....	দিনেশ দাস
২২।	মিছিলের মুখ	....	সুভাষ মুখোপাধ্যায়
২৩।	জননী যন্ত্রণা	....	মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়
২৪।	জন্মভূমি আজ	....	বীরেন্দ্র চট্টোপাধ্যায়
*২৫।	উলঙ্গ রাজা	....	নীরেন্দ্রনাথ চক্রবর্তী
২৬।	বাংলা ভাষা উচ্চারিত হলে	....	শামসুর রাহমান
*২৭।	রবীন্দ্রনাথের প্রতি	....	সুকান্ত ভট্টাচার্য

---

* তারকা-চিহ্নিত পদ্যাংশগুলি পাঠ্য হিসাবে নির্বাচিত।

১, ৫, ৮, ১০, ১৩, ১৬ সংখ্যক কবিতা নবম শ্রেণীর জন্য পাঠ্য।

১৭, ১৯, ২৫, ২৭ সংখ্যক কবিতা দশম শ্রেণীর জন্য পাঠ্য।

প্রথম ভাষা ঃ বাংলা

গদ্যাংশ

*১।	সভ্য ও অসভ্য	....	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
*২।	সাগরসঙ্গমে নবকুমার	....	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
৩।	শিখর	....	এডমণ্ড হিলারি (অনুবাদিকা - ইন্দিরা দেবী)
৪।	নূতন কথা	....	হরপ্রসাদ শাস্ত্রী
*৫।	ভাগীরথীর উৎস সন্ধানে	....	জগদীশচন্দ্র বসু
*৬।	ঘর ও বাহির	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৭।	বিদ্যাসাগর	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৮।	ছিন্নপত্র	....	রবীন্দ্রনাথ ঠাকুর
*৯।	বলাই	....	রবীন্দ্রনাথ ঠাকুর
১০।	বঙ্গোপসাগরে	....	স্বামী বিবেকানন্দ
*১১।	ছেঁড়া তার	....	তুলসী লাহিড়ী
১২।	নিয়মের রাজত্ব	....	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
১৩।	আরোহণ	....	অবনীন্দ্রনাথ ঠাকুর
১৪।	পল্লীসমাজ	....	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
*১৫।	মহেশ	....	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
১৬।	বৈজ্ঞানিক বুদ্ধি	....	রাজশেখর বসু
*১৭।	অগ্নিদেবের শয্যা	....	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
১৮।	প্রাচীন ভারতে বিজ্ঞানচর্চা	....	সত্যেন্দ্রনাথ বসু
*১৯।	নোনাজল	....	সৈয়দ মুজতবা আলি
*২০।	পদ্মানদীর মাঝি	....	মানিক বন্দ্যোপাধ্যায়
২১।	পল্লীসাহিত্য	....	মুহম্মদ শহীদুল্লাহ
২২।	বলিগর্ত	....	বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
২৩।	হারুন সালেমের মাসি	....	মহাশ্বেতা দেবী
*২৪।	পরিবেশ দূষণ	....	সূর্যেন্দুবিকাশ কর মহাপাত্র

* তারকা-চিহ্নিত রচনাগুলি পাঠ্য হিসাবে নির্বাচিত।

১, ২, ৫, ৬, ৯, ১৫ সংখ্যক রচনা নবম শ্রেণীর জন্য পাঠ্য।

১১, ১৭, ১৯, ২০, ২৪ সংখ্যক কবিতা দশম শ্রেণীর জন্য পাঠ্য।

কবিতা (সহায়ক পাঠ)

*১।	দুরন্ত আশা	....	রবীন্দ্রনাথ ঠাকুর
*২।	মৃত্যুঞ্জয়	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৩।	জুতা আবিষ্কার	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৪।	সাঁওতাল মেয়ে	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৫।	কাজলাদিদি	....	যতীন্দ্রমোহন বাগচী
*৬।	সাবধান, সাবধান !	....	মুকুন্দ দাস
*৭।	চম্পা	....	সত্যেন্দ্রনাথ দত্ত
*৮।	ছোটোর দাবি	....	কুমুদরঞ্জন মল্লিক
৯।	স্মৃতিচিহ্ন	....	কামিনী রায়
১০।	পদ্মপুকুরে	....	করুণানিধান বন্দ্যোপাধ্যায়
*১১।	লোহার ব্যথা	....	যতীন্দ্রনাথ সেনগুপ্ত
*১২।	দুঃখের কবি	....	মোহিতলাল মজুমদার
১৩।	নোটবুক	....	সুকুমার রায়
১৪।	বাংলা দেশ	....	অমিয় চক্রবর্তী
১৫।	দেশ	....	জসীমউদ্দিন
*১৬।	ফ্যান	....	প্রেমেন্দ্র মিত্র
১৭।	জয়যাত্রা	....	আবদুল কাদির
*১৮।	ক্ষুধা	....	বিমলচন্দ্র ঘোষ
১৯।	ইতিহাস	....	অশোকবিজয় রাহা
২০।	আগামী	....	সুকান্ত ভট্টাচার্য
২১।	ফরিয়াদ	....	কাজী নজরুল ইসলাম
২২।	রবীন্দ্রনাথ	....	জীবনানন্দ দাশ
*২৩।	চিঠি	....	মণীন্দ্র রায়
২৪।	স্বাগত	....	সুভাষ মুখোপাধ্যায়
২৫।	দেশহীন	....	শঙ্খ ঘোষ

* তারকা-চিহ্নিত কবিতাগুলি পাঠ্য হিসাবে নির্বাচিত।

১, ২, ৬, ৭, ৮ সংখ্যক কবিতা নবম শ্রেণীর জন্য পাঠ্য।

১১, ১২, ১৬, ১৮, ২৩ সংখ্যক কবিতা দশম শ্রেণীর জন্য পাঠ্য।

গল্প (সহায়ক পাঠ)

১। সুভা	....	রবীন্দ্রনাথ ঠাকুর
২। পোস্টমাস্টার	....	রবীন্দ্রনাথ ঠাকুর
*৩। সওগাত	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৪। কাবুলিওয়ালা	....	রবীন্দ্রনাথ ঠাকুর
৫। ফুলের মূল্য	....	প্রভাতকুমার মুখোপাধ্যায়
*৬। অভাগির স্বর্গ	....	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
৭। মামলার ফল	....	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
*৮। খাজাঞ্চিবাবু	....	তারাশংকর বন্দ্যোপাধ্যায়
৯। উৎকোচতত্ত্ব	....	রাজশেখর বসু
*১০। অসহযোগী	....	মানিক বন্দ্যোপাধ্যায়
১১। দুধের দাম	....	বনফুল
১২। দিনু রক্ষিত	....	বিভূতিভূষণ মুখোপাধ্যায়
১৩। লোহার বিস্কুট	....	শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
১৪। ধূপকাঠি	....	নরেন্দ্রনাথ মিত্র
*১৫। অযান্ত্রিক	....	সুবোধ ঘোষ
*১৬। মুক্তির কাঁটা	....	রমেশচন্দ্র সেন
১৭। অনাচার	....	আশাপূর্ণা দেবী
*১৮। দেবতার জন্ম	....	শিবরাম চক্রবর্তী
*১৯। বঙ্কুবাবুর বন্ধু	....	সত্যজিৎ রায়
২০। প্রত্যাবর্তন	....	সোমেন চন্দ

---

* তারকা চিহ্নিত গদ্যাংশগুলি পাঠ্য হিসাবে নির্বাচিত।

৩, ৬, ৮, ১০ সংখ্যক গল্প নবম শ্রেণীর জন্য পাঠ্য।

১৫, ১৬, ১৮, ১৯ সংখ্যক গল্প দশম শ্রেণীর জন্য পাঠ্য।

বাংলা ব্যাকরণের নতুন পাঠক্রম সম্পর্কে কয়েকটি কথা

১। স্কুলের বেশির ভাগ ছাত্রছাত্রীদের কাছে ব্যাকরণ একটি নীরস ও দুরূহ পাঠ্যবিষয়, অথচ এমনটা হবার কথা নয়। কারণ বাংলা ব্যাকরণে যা পড়ানো হয় তা তো তার মাতৃভাষা, যার ব্যবহার সে ব্যাকরণ পড়ার আগেই শুরু করে। ব্যাকরণে তো সেই বহু পরিচিত ভাষার গড়নটাকে বিশ্লেষণ করে দেখানো হয়। তা হলে চেনা জিনিসকে এত দুরূহ ও কষ্টকর মনে করার কারণ কী ? এর প্রধান কারণ, ব্যাকরণের বিষয়-বিন্যাসে বৈজ্ঞানিক পরিকল্পনার অভাব, পড়ানোর বিষয় ও পদ্ধতিতে অনাবশ্যকভাবে সংস্কৃত ভাষার উপযোগী প্রসঙ্গ ও পরিভাষার অবতারণা এবং তদুপরি সংজ্ঞা, সূত্র, আলোচনা ইত্যাদির ক্ষেত্রে দুর্বোধ্য, অপ্রচলিত ও অপরিচিত ভাষারীতির ব্যবহার। এই জন্য ব্যাকরণের পাঠক্রম সংস্কার করতে গিয়ে জোর দেওয়া হয়েছে ব্যাকরণ পাঠের স্বচ্ছন্দতার উপর। এজন্য পাঠ্যতালিকা থেকে বহু অপ্রয়োজনীয় অথচ বহুকাল-প্রচলিত বিষয় বাদ দেওয়া হয়েছে। অনেক ক্ষেত্রে ভাষাবিজ্ঞানের আধুনিক তত্ত্বের ভিত্তিতে পুরোনো ধারণার পুনর্বিন্যাস করা হয়েছে। অনেক ক্ষেত্রে পুরোনো দুর্বোধ্য পরিভাষা বর্জন করে নতুন, সহজ ও স্বচ্ছতর পরিভাষা চালু করা হয়েছে। এর ফলে দীর্ঘদিনের অভ্যাসে ঘা লাগার দরুন প্রথম প্রথম কিছু অসুবিধা হতে পারে, কিন্তু পরিণামে যে সুফল পাওয়া যাবে তার কথা ভেবে বিশেষ করে বাংলাভাষার শিক্ষক-সমাজ আশা করি এই সংস্কার-প্রয়াসকে অভিনন্দন জানাবেন।

২। পড়াবার পদ্ধতিতে প্রতি ক্ষেত্রে আরোহ-রীতি অবলম্বন অর্থাৎ বাক্যের উদাহরণ থেকে সংজ্ঞায় যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এর ফলে আশা করা যায় মাতৃভাষার গড়ন সম্পর্কে ছাত্রছাত্রীদের মনে সজীব আগ্রহ সঞ্চারিত হবে।

৩। ভাষাবিজ্ঞানের চর্চা মুষ্টিমেয় পণ্ডিত শ্রেণীর মধ্যে সীমাবদ্ধ থাকে, সমাজের বৃহত্তর অংশে তার প্রভাব পড়তে বহু সময় লেগে যায়। কিন্তু স্কুলপাঠ্য ব্যাকরণকে অবলম্বন করেই বৃহত্তর সমাজের সাধারণ অংশে ভাষার গড়ন-ধরন ইত্যাদি সম্পর্কে চর্চা চলতে থাকে। পর্ষদের বাংলা ব্যাকরণের পাঠক্রমে এর আগেও অল্পস্বল্প পরিবর্তন করা হয়েছে। কিন্তু তা নিতান্তই প্রান্তিকভাবে, তাই তার মাধ্যমে ব্যাকরণচর্চায় কোনো গুণগত উৎকর্ষ ঘটে নি। দীর্ঘদিন পর এই প্রথম পর্ষদের উদ্যোগে স্কুলে পড়াবার জন্য বাংলা ব্যাকরণের একটি সময়োপযোগী পাঠক্রম তৈরি করা হল। পাঠক্রমের এই সংস্কার অনেকখানি মৌলিক হলেও একেবারে চূড়ান্ত নয়। সময়ের সঙ্গে সঙ্গে হয়তো আরও সংস্কারের প্রয়োজন হবে। তবে বর্তমান উপলক্ষে যে নতুন পাঠক্রম চালু করা হল তা ছাত্র-ছাত্রীদের মধ্যে তো বটেই, সমাজের বৃহত্তর সাধারণ অংশেও মাতৃভাষা সম্পর্কে আগ্রহ আরও বাড়িয়ে তুলবে। আশা করি দেশের বিদ্বান ও বিদ্যোৎসাহী সমাজ পর্ষদের এই প্রয়াসকে সাধুবাদ জানাবেন।

ষষ্ঠ শ্রেণী

বিষয় ঃ ব্যাকরণ

১। (ক) ধ্বনি (অ) ধ্বনির শ্রেণী বিভাগ ঃ স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি

(আ) বাংলায় উচ্চারিত স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির তালিকা

(খ) বর্ণ (অ) বর্ণের শ্রেণীভেদ ঃ স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ

(আ) বাংলা লেখায় ব্যবহৃত স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের তালিকা

(গ) বাংলায় ব্যবহৃত ধ্বনিমালা ও বর্ণমালার মধ্যে মিল ও গরমিল।[১*]

(ঘ) বাংলা বর্ণমালা শেখার প্রয়োজনীয়তা।

২। সন্ধির সাধারণ পরিচয় ঃ শুধু স্বরসন্ধির সহজ সূত্র ও উদাহরণ।

[উদাহরণে ভিন্নজাতীয় স্বরবর্ণের সন্ধির (যথা ঃ অ + ই, ঈ ; ই + উ ইত্যাদি) এবং পূর্ব বর্ণের এ, ঐ, ও, ঔ-এর সঙ্গে সন্ধির উদাহরণ বর্জনীয়।[২*]]

৩। (ক) বর্ণযোগে শব্দ গঠন ঃ শব্দের সংজ্ঞা ও উদাহরণ। বর্ণবিশ্লেষণ।

(খ) শব্দযোগে বাক্যগঠন ঃ বাক্যের সংজ্ঞা ও উদাহরণ।

(গ) বাক্যে প্রয়োগের উদাহরণ দিয়ে শব্দের বিভিন্ন শ্রেণীবিভাগ[৩*] —

বিশেষ্য, সর্বনাম, বিশেষণ, ক্রিয়া (সমাপিকা ও অসমাপিকা), ক্রিয়াবিশেষণ, সংযোজক, আবেগসূচক।

[উদাহরণসহ সংজ্ঞা ছাড়া কোনো শ্রেণীর পদেরই বিশদ শ্রেণীবিভাগ এই পর্যায়ে দরকার নেই। ক্রিয়ার ক্ষেত্রে সহজ উদাহরণ দিয়ে ধাতু সম্পর্কে প্রাথমিক ধারণা দিতে হবে।]

(ঘ) শব্দের এক শ্রেণী থেকে অন্য শ্রেণীতে রূপান্তর।

[বাক্যের সাহায্যে সহজ উদাহরণ দিয়ে বিশেষ্য থেকে বিশেষণ এবং বিশেষণ থেকে বিশেষ্য শ্রেণীতে রূপান্তর আলোচনা করতে হবে।]

৪। পক্ষ,[৪*] লিঙ্গ, বচন ঃ উদাহরণের সাহায্যে সংজ্ঞা ও শ্রেণী বিভাগ।

বিষয় ঃ নির্মিতি

৫। (ক) একই শব্দের বিভিন্ন প্রতিশব্দ [শব্দগুলি হবে মানবদেহের অঙ্গপ্রত্যঙ্গ, প্রাকৃতিক বস্তু, পরিবেশ ও পরিজনবিষয়ক এবং সংখ্যায় ৩০টি।]

(খ) বিপরীতার্থক শব্দ দিয়ে বাক্য রচনা [প্রচলিত ৩০টি শব্দ]

৬। বোধ-পরীক্ষণ [নিম্নলিখিত গ্রন্থগুলি থেকে নির্বাচিত অনুচ্ছেদের সাহায্যে]

(ক) কুরুপাণ্ডব — রবীন্দ্রনাথ ঠাকুর

(খ) আপন কথা — অবনীন্দ্রনাথ ঠাকুর

(গ) বৈজ্ঞানিকী — জগদানন্দ রায়

৭। (ক) পত্ররচনা (পরিচিত বিষয়ে)

(খ) অনুচ্ছেদ রচনা (অনধিক ১৫টি বাক্যে)। বিষয়—প্রকৃতি ঃ গাছপালা, নদীনালা, জীবজন্তু; মানুষের চারিত্রিক গুণ; পরিচিত পরিবেশ; খেলাধুলা; স্বদেশ (ভারত ও পশ্চিমবঙ্গ); ভ্রমণ; বিজ্ঞান।

---

* তারকা-চিহ্নিত অঙ্কগুলির ব্যাখ্যার জন্য পরবর্তী 'টীকা নির্দেশ' দ্রষ্টব্য।

সপ্তম শ্রেণী

বিষয় ঃ ব্যাকরণ

১। বাংলায় প্রচলিত তৎসম শব্দের শুদ্ধ বানান শেখার পক্ষে সহায়ক বিভিন্ন ব্যঞ্জনসন্ধি।
[বিসর্গ সন্ধি এই পর্যায়ে বর্জনীয়]

২। বানান সংক্রান্ত নিয়মাবলি [বিস্তৃত উদাহরণসহ আলোচনা। আলোচনা বাংলায় ব্যবহৃত শব্দের মধ্যেই সীমাবদ্ধ থাকবে।]
(ক) ণত্ব-ষত্ব ঘটিত সাধারণ নিয়ম
(খ) সন্ধি-ঘটিত নিয়ম
(গ) পদান্তরঘটিত নিয়ম

৩। বাক্যের সাধারণ গঠন ঃ উদ্দেশ্য ও বিধেয়।

৪। বাক্যের বিভিন্ন পদের পারস্পরিক সম্পর্ক ও সম্পর্কের চিহ্ন ঃ
(ক) ক্রিয়ার সঙ্গে বিশেষ্য/ সর্বনাম পদের সম্পর্ক ঃ কারক সম্পর্ক
[কর্তা, কর্ম, করণ, নিমিত্ত, অপাদান, অধিকরণ—এই কয়টি কারকের সংজ্ঞা ও উদাহরণ। সম্প্রদান কারক বর্জনীয়।]
(খ) বিশেষ্য/সর্বনামের সঙ্গে অন্য বিশেষ্য/বিশেষণ পদের সম্পর্ক ঃ অ-কারক সম্পর্ক [সম্বন্ধ ও সম্বোধন]
(গ) ক্রিয়ার সঙ্গে ক্রিয়া-বিশেষণের সম্পর্ক।
(ঘ) বিভক্তি ও অনুসর্গের প্রাথমিক ও সাধারণ আলোচনা
(অ) আলোচনায় বাক্যে বিভক্তি ও অনুসর্গের ভূমিকার সাদৃশ্য ও রূপের পার্থক্য বুঝিয়ে দিতে হবে।
(আ) বিভক্তির ক্ষেত্রে প্রথমা, দ্বিতীয়া ইত্যাদি সংখ্যাক্রম বর্জনীয়। শুধু সংশ্লিষ্ট বিভক্তিটির উল্লেখই যথেষ্ট।

৫। শব্দরূপ ঃ একটি স্বরান্ত ও একটি ব্যঞ্জনান্ত বিশেষ্যপদের রূপ এবং পক্ষবাচক সর্বনাম ও নির্দেশক সর্বনামের চলিত ভাষার রূপ।

৬। বিশেষণের তর-তম (বাংলা রীতি সহ)

৭। সংখ্যাবাচক ও পূরণবাচক শব্দগঠন
[পূরণবাচক শব্দের ক্ষেত্রে -'এর' যোগে পূরণবাচক শব্দগঠনের প্রক্রিয়াটিও দেঁখাতে হবে।]

৮। শব্দ তৈরির প্রাথমিক কৌশল ঃ শব্দ/ধাতুর সঙ্গে চিহ্নের যোগে
[আলোচনায় 'প্রত্যয়' শব্দটি ব্যবহার করলেও 'কৃৎ' ও 'তদ্ধিত'-এর উল্লেখ দরকার নেই।]

বিষয় ঃ নির্মিতি

৯। (ক) বাংলায় প্রচলিত বিপরীতার্থক শব্দ দিয়ে বাক্যরচনা [ষষ্ঠ শ্রেণীতে শেখা ৩০টি শব্দের বাইরে আরও ৩০টি শব্দ]
(খ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ দিয়ে বাক্যরচনা [বাংলায় প্রচলিত ৩০টি শব্দ]

১০। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত মান্য বানানের কতকগুলি নিয়ম ও উদাহরণের সাহায্যে সেইসব নিয়মের অনুশীলন
[মোট ৫০টি।]

১১। বোধ-পরীক্ষণ [নিম্নলিখিত গ্রন্থগুলি থেকে নির্বাচিত স্তবক/ অনুচ্ছেদের সাহায্যে ঃ]
(ক) শিশু — রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) আবোল তাবোল — সুকুমার রায়
(গ) আকাশ ভরা সূর্যতারা — জিতেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়

১২। অনুচ্ছেদ ও পত্ররচনা [বিষয় ঃ উৎসব ; ভ্রমণ ; খেলাধুলা ; পরিবেশ ।]

১৩। প্রবন্ধরচনা (প্রদত্ত সূত্র অবলম্বনে) [বিষয় ঃ পরিবেশ ; স্বদেশ (ভারত ও পশ্চিমবঙ্গ) ; মহনীয় পুরুষ ও নারীর জীবন ; পরিচিত বিষয় ও অভিজ্ঞতা (শব্দসীমা ঃ অনধিক ২০০)।]

অষ্টম শ্রেণী

বিষয় ঃ ব্যাকরণ

১। বিসর্গ সন্ধি [সূত্রগঠন ও উদাহরণ শুধু বাংলায় প্রচলিত তৎসম শব্দের মধ্যেই সীমাবদ্ধ থাকবে।]

২। নিম্নলিখিত বিষয়ে বাক্যসহযোগে পূর্ণাঙ্গ আলোচনা ঃ

(ক) লিঙ্গ — লিঙ্গান্তরের নিয়ম ও উদাহরণ

(খ) বচন — বহুবচন গঠনের নিয়ম ও উদাহরণ

(গ) পক্ষ — তিন পক্ষের বিভিন্ন রূপ ও তাদের সঙ্গে ক্রিয়ারূপের সামঞ্জস্য।

৩। বিশেষ্যের শ্রেণীবিভাগ [বাক্যের উদাহরণ দিয়ে সূত্রগঠন করতে হবে।]

সংজ্ঞাবাচক ; শ্রেণীবাচক ; ভাববাচক ; ক্রিয়াবাচক ; সমষ্টিবাচক।

৪। ধাতু / ক্রিয়াপদ ; ক্রিয়ার কাল ও ভাব [এই পর্যায়ের আলোচনা প্রাথমিক স্তরের। তাই এখানে কাল-এর ক্ষেত্রে শুধু বর্তমান, অতীত ও ভবিষ্যৎ-এর সাধারণ রূপ দেখাতে হবে। 'ভাব'-এর ক্ষেত্রে শুধু নির্দেশক ও অনুজ্ঞা-র রূপ দেখাতে হবে। উদাহরণের ক্ষেত্রে শুধু কর্, খা, দে, দেখ্, ধাতুর সাধু ও চলিতের রূপ দেখাতে হবে।]

৫। শব্দের শ্রেণীবিভাগ ঃ

(ক) প্রত্যয়-যোগে তৈরি [পরিচিত শব্দের সাহায্যে কৃৎ ও তদ্ধিত প্রত্যয় সম্পর্কে সাধারণ ধারণা দিতে হবে। তবে এই পর্যায়ে সংস্কৃত ও বাংলা প্রত্যয় আলাদাভাবে দেখাবার দরকার নেই।]

(খ) অনুষঙ্গ থেকে তৈরি ঃ ধ্বন্যাত্মক শব্দ ; অনুকার শব্দ ; শব্দদ্বৈত [প্রাথমিক ধারণা]

৬। প্রত্যয় ও অনুষঙ্গ ছাড়াও শব্দ তৈরির আর এক কৌশল ঃ

সমাস [এই পর্যায়ে সমাসের বিস্তৃত শ্রেণীবিভাগ দেখাবার দরকার নেই। শুধু 'সমাস' শব্দের অর্থ, 'সমাস' করার প্রয়োজনীয়তা, ব্যাসবাক্য, সমস্যমান পদ, পূর্বপদ, উত্তরপদ—বাংলায় প্রচলিত বিভিন্ন সমাসবদ্ধ শব্দের সাহায্যে এই পরিভাষাগুলির অর্থ প্রাথমিকভাবে বুঝিয়ে দিতে হবে।]

৭। (ক) বাক্য নির্মাণের শর্ত

[বাক্য নির্মাণের শর্ত হিসাবে 'যোগ্যতা', 'আকাঙ্ক্ষা' ও 'আসত্তি'-র নীতিগুলি উপযুক্ত উদাহরণ দিয়ে বোঝাতে হবে। তবে আলোচনার প্রথমেই এই পরিভাষাগুলি ব্যবহার না করে আরোহ-পদ্ধতিতে উদাহরণের সাহায্যে আগে এক এক করে বিষয়গুলি বুঝিয়ে দিয়ে সব শেষে পরিভাষাগুলির উল্লেখ করতে হবে।]

(খ) বাক্যের শ্রেণীবিভাগ ঃ

(অ) গড়নের দিক থেকে —সরল, জটিল, যৌগিক [প্রতিটির প্রাথমিক ও সাধারণ পরিচয়।]

(আ) অর্থের দিক থেকে —নির্দেশক, প্রশ্নবাচক, অনুজ্ঞাবাচক, ইচ্ছাবাচক, সন্দেহবাচক, আবেগবাচক, শর্তসাপেক্ষ [প্রতিটির প্রাথমিক সাধারণ পরিচয়।]

বিষয় ঃ নির্মিতি

৮। অশুদ্ধি সংশোধন (বাক্যে প্রয়োগের মাধ্যমে)

(ক) বানানগত ৫০টি প্রচলিত শব্দ [শুদ্ধ বানানের নিয়ম দেখাবার দরকার নেই। অশুদ্ধ বানান তালিকাবদ্ধ করা চলবে না। মান্য বানান দেখাবার জন্য পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান-বিধি অনুসরণ করতে হবে।]

(খ) বাক্যগঠনগত

৯। (ক) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ ৩০টি

(খ) বিপরীতার্থক শব্দ ২৫টি

(গ) সমার্থক শব্দ ২৫টি

[প্রতি ক্ষেত্রেই বাক্যে প্রয়োগের মাধ্যমে শব্দগুলির অনুশীলন দেখাতে হবে। কোনো ক্ষেত্রেই ষষ্ঠ ও সপ্তম শ্রেণীতে শেখানো শব্দের পুনরাবৃত্তি ঘটবে না।]

১০। বোধ-পরীক্ষণ ঃ

[নিম্নলিখিত গ্রন্থগুলি থেকে নির্বাচিত স্তবক / অনুচ্ছেদের সাহায্যে]

(ক) কাহিনী — রবীন্দ্রনাথ ঠাকুর

(খ) প্রফেসর শঙ্কু — সত্যজিৎ রায়

(গ) অগ্নিযুগের কথা— উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(সূত্র ঃ উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় রচিত 'নির্বাসিতের আত্মকথা'র প্রথম পরিচ্ছেদ— ন্যাশনাল পাবলিশার্স, কলি-৬)

১১। **পত্ররচনা ঃ** ব্যক্তিগত পত্র, আমন্ত্রণ পত্র, আবেদন পত্র।

১২। **প্রবন্ধ রচনা (প্রদত্ত সূত্র অবলম্বনে) ঃ**

বিষয় ঃ সমাজ, স্বদেশ (ভারত ও পশ্চিমবঙ্গ), সমসাময়িক গুরুত্বপূর্ণ ঘটনা, ভ্রমণ, বিজ্ঞান, খেলাধুলা, পরিবেশ, ব্যক্তিগত অভিজ্ঞতা [অনধিক ২৫০ শব্দে, প্রতিটি প্রবন্ধের শেষে অনুরূপ প্রবন্ধের শিরোনাম ও সংকেত থাকবে।]

নবম-দশম শ্রেণী

বিষয় ঃ ব্যাকরণ

১। **মাতৃভাষার ব্যাকরণ পড়ার উদ্দেশ্য** [অনধিক ৩ পৃষ্ঠার সংক্ষিপ্ত আলোচনা]

২। (ক) **ভাষা ও উপভাষার সম্পর্ক** [এক্ষেত্রে ভাষা ও উপভাষা সম্পর্ক বিষয়ে প্রচলিত পুরোনো ধারণা বর্জন করে ভাষাবিজ্ঞানের আধুনিক ধারণার ভিত্তিতে দেখাতে হবে ঃ ভাষা হচ্ছে কোনো ভাষাগোষ্ঠীর মানুষদের মধ্যে পারস্পরিক ভাববিনিময়ের একটি নিরাকার ব্যবস্থা (system) ; আর উপভাষা হচ্ছে এই ব্যবস্থার প্রত্যক্ষ ব্যবহারিক রূপ। এই ধারণা অনুসারে সব উপভাষারই দুটি সম্ভাব্য রূপ ঃ (এক) কথ্য (দুই) লেখ্য। বাংলা কথ্য উপভাষা পাঁচটি ঃ রাঢ়ী, বঙ্গালী, বরেন্দ্রী, ঝাড়খণ্ডী, কামরূপী। বাংলা লেখ্য উপভাষা প্রাথমিকভাবে দুটি ঃ পদ্য ও গদ্য। লেখ্য গদ্যের আবার দুটি উপবিভাগ—সাধু ও চলিত]

(খ) (অ) বাংলা কথ্য উপভাষাগুলির প্রচলনের ভৌগোলিক এলাকা নির্দেশ ও প্রত্যেক কথ্য উপভাষার সাধারণ পরিচয় [এক্ষেত্রে প্রতি উপভাষার দুটি করে ধ্বনিগত ও দুটি করে রূপগত বৈশিষ্ট্য দেখাতে হবে।]

(আ) সংক্ষেপে বাংলা উপভাষার পদ্য ও গদ্য রূপের পার্থক্য নির্দেশ [কোনো পদ্যের অংশ-বিশেষের সঙ্গে তার গদ্য রূপান্তরের তুলনা করে পার্থক্যটি স্পষ্ট করতে হবে।]

(ই) বাংলা লেখ্য গদ্য উপভাষার সাধু ও চলিত রীতির বৈশিষ্ট্য ও পার্থক্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা এবং দুই রীতির পারস্পরিক রূপান্তর।

৩। (ক) উচ্চারণস্থান ও উচ্চারণরীতি অনুসারে খাঁটি বাংলা স্বর ও ব্যঞ্জনধ্বনির বর্গীকরণ।

(খ) ধ্বনিপরিবর্তনের নিয়ম ঃ

(অ) স্বরধ্বনিঘটিত পরিবর্তন ঃ স্বরভক্তি বা বিপ্রকর্ষ ; স্বরাগম (আদি, মধ্য, অন্ত্য); স্বরলোপ (আদি, মধ্য, অন্ত্য); স্বরসংগতি ; অভিশ্রুতি [প্রচলিত ধারণা ও তার পুনর্বিন্যাস[৫*]]

(আ) ব্যঞ্জনধ্বনিঘটিত পরিবর্তন ঃ সমীভবন ; ধ্বনিবিপর্যাস; ব্যঞ্জনলোপ (হ-লোপ, সমাক্ষরলোপ)

(গ) 'দল' (syllable) এর প্রাথমিক ধারণা— 'দল'-এর কাঠামো বিশ্লেষণ । মুক্ত দল ও রুদ্ধ দল।

৪। **শব্দের ব্যুৎপত্তিগত শ্রেণীবিভাগ ঃ**

(ক) প্রত্যয়-নিষ্পন্ন [বাংলায় প্রচলিত শব্দের উদাহরণ দিয়ে কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ের আলোচনা করতে হবে। আলোচনায় খাঁটি বাংলা প্রত্যয়েরও উদাহরণ দিতে হবে। তদ্ধিতের ক্ষেত্রে বিদেশী প্রত্যয়েরও উদাহরণ দিতে হবে।]

(খ) অনুষঙ্গ-নিষ্পন্ন ঃ ধ্বন্যাত্মক শব্দ, অনুকার শব্দ, শব্দদ্বৈত [এই পর্যায়ে প্রত্যেক শ্রেণীর শব্দের প্রকারবৈচিত্র্য দেখাতে হবে।]

৫। **শব্দের উৎসগত শ্রেণীবিভাগ ঃ**

তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশী, আগন্তুক (বিদেশী ও প্রতিবেশী), মিশ্র (বা সংকর)।

৬। কারক ও অকারক পদের বিভক্তি ও অনুসর্গ [বিভক্তির ক্ষেত্রে প্রথমা, দ্বিতীয়া ইত্যাদি সংখ্যাক্রমিক নামকরণ চলবে না। কারকের ক্ষেত্রে কর্তা, কর্ম, করণ, নিমিত্ত, অপাদান ও অধিকরণ কারক এবং অ-কারক পদের ক্ষেত্রে সম্বন্ধ ও সম্বোধন পদের বৈশিষ্ট্য আলোচনা করতে হবে। সম্প্রদান কারক বর্জনীয়।]

৭। **সমাসের বিস্তৃত আলোচনা[৬*] ঃ**

কর্মধারয় (উপমিত, উপমান, রূপক, মধ্যপদলোপী) ; তৎপুরুষ (কর্মতৎপুরুষ, করণ তৎপুরুষ, নিমিত্ত তৎপুরুষ, অপাদান তৎপুরুষ, সম্বন্ধ তৎপুরুষ, অধিকরণ তৎপুরুষ, নঞ্‌ তৎপুরুষ, উপপদ তৎপুরুষ) ; দ্বন্দ্ব ; বহুব্রীহি (মধ্যপদলোপী, ব্যতিহার, সহার্থক, নঞ্‌ বহুব্রীহি, সংখ্যা বহুব্রীহি) ; দ্বিগু (তদ্ধিতার্থক, সমাহার) ; নিত্য সমাস ; অলুক্‌ সমাস ; বাক্যাশ্রয়ী সমাস (যথা ঃ বসে-আঁকো-প্রতিযোগিতা, সব পেয়েছির দেশ, সবুজ বাঁচাও কমিটি ইত্যাদি)।

---

* তারকা-চিহ্নিত অঙ্কগুলির ব্যাখ্যার জন্য পরবর্তী 'টীকা নির্দেশ' দ্রষ্টব্য।

৮। **সর্বনামের শ্রেণীবিভাগ ঃ**

ব্যক্তিবাচক ; নির্দেশক ; অনির্দেশক ; প্রশ্নবাচক ; আত্মবাচক ; সমষ্টিবাচক ; সাপেক্ষ ; পারস্পরিক [প্রচলিত উদাহরণ দিয়ে সংজ্ঞা তৈরি করতে হবে।]

৯। **(ক) বিশেষণের শ্রেণীবিভাগ ঃ**

বিশেষ্যের বিশেষণ ; সর্বনামের বিশেষণ ; বিশেষণের বিশেষণ ; সংখ্যা বিশেষণ ; পুরণবাচক বিশেষণ ; সম্বন্ধ বিশেষণ ; ক্রিয়া বিশেষণ [এখানে মূলত বিশেষিত পদের প্রকৃতি অনুসারে শ্রেণীবিভাগ ।]

(খ) বিশেষণের প্রয়োগবৈচিত্র্য ঃ

একপদী ; বহুপদী ; বাক্যাশ্রয়ী ; ধ্বন্যাত্মক ; শব্দদ্বৈতাশ্রয়ী ; পদান্তরিত ; প্রশ্নবাচক [এখানে বিশেষণ পদের গঠন বা উপাদান অনুসারে প্রয়োগবৈচিত্র্য দেখাতে হবে।]

১০। **উপসর্গ ঃ** সংজ্ঞা, শ্রেণীবিভাগ, উদাহরণ ; প্রত্যয়ের সঙ্গে তুলনা।

১১। **ধাতু ও ক্রিয়াপদ ঃ**

(ক) পারস্পরিক সম্পর্ক

(খ) ধাতুর ও ক্রিয়ার গঠনগত শ্রেণী বিভাগ

(১) একদল (monosyllabic) বা মৌলিক ;

(২) বহুদল (polysyllabic) বা সাধিত ;

(৩) বহুপদ (বা সংযোগমূলক)।

বহুদল / সাধিত ধাতুর ক্ষেত্রে তার তিনটি শ্রেণীবিভাগ ঃ প্রযোজক ('ণিজন্ত' শব্দটি বর্জনীয়) ;

নাম ধাতু ; ধ্বন্যাত্মক ধাতু ।—বহুপদ ধাতুর দুটি শ্রেণী —যুক্ত ও যৌগিক।—[প্রতি ক্ষেত্রেই ধাতুর সঙ্গে তার ক্রিয়ারূপের (সাধু ও চলিত রূপভেদ সহ) উদাহরণ দিতে হবে।]

(গ) ক্রিয়ার অবস্থাগত শ্রেণীবিভাগ ঃ সমাপিকা ও অসমাপিকা ঃ [সংজ্ঞা, উদাহরণ, পার্থক্য। অসমাপিকার ক্ষেত্রে উদাহরণসহ তার শ্রেণীবিভাগ—(১) আ-অন্ত, (২) -ইয়া / -এ-অন্ত, (৩) -ইতে / -তে -অন্ত, (৪) -ইলে / -লে-অন্ত।]

(ঘ) ক্রিয়ার অন্বয়গত শ্রেণীবিভাগ ঃ অকর্মক, সকর্মক (দ্বিকর্মকসহ)

[সাধু ও চলিত বাক্যের উদাহরণ দিয়ে সংজ্ঞা তৈরি করতে হবে। উভয়ের পার্থক্য দেখাতে হবে।]

(ঙ) সমাপিকা ক্রিয়ার বিভিন্ন উপাদান ঃ

(১) কাল (Tense) [তিন রকম ঃ বর্তমান ; অতীত ; ভবিষ্যৎ।]

(২) প্রকার (aspect) [চার রকম ঃ সামান্য ; ঘটমান ; পুরাঘটিত ; নিত্যবৃত্ত]

(৩) ভাব (mood) [দুই রকম ঃ নির্দেশক (indicative) ; অনুজ্ঞা (imperative) । অনুজ্ঞার ক্ষেত্রে তার দুটি শ্রেণী (বর্তমান ও ভবিষ্যৎ) দেখাতে হবে।]

(চ) ক্রিয়ার বিভক্তি ঃ

(১) কাল-বিভক্তি

(২) প্রকার-বিভক্তি

(৩) পক্ষ-বিভক্তি

[তিনটি ক্ষেত্রেই সাধু ও চলিতের রূপগত পার্থক্য দেখাতে হবে।]

১২। বাচ্য সম্পর্কে প্রচলিত ধারণা ও তার পুনর্বিন্যাস[৭*] ঃ

(ক) শ্রেণীবিভাগ ঃ কর্তৃবাচ্য ও ভাববাচ্য [তথাকথিত কর্মবাচ্য, কর্মকর্তৃবাচ্য বর্জনীয়]

(খ) বাচ্যান্তর

১৩। (ক) বাক্যের শ্রেণীবিভাগ ঃ

(১) গড়ন অনুসারে ঃ সরল, জটিল, যৌগিক, মিশ্র [সরল + যৌগিক ; যৌগিক + যৌগিক ; যৌগিক + জটিল ; সরল + জটিল]

(২) অর্থ অনুসারে ঃ নির্দেশক ; অনুজ্ঞাবাচক ; ইচ্ছাবাচক ; সন্দেহবাচক ; আবেগবাচক ; শর্তসাপেক্ষ [প্রতিটি ক্ষেত্রে সাধু ও চলিত বাক্যের উদাহরণ দিয়ে বিস্তৃত আলোচনা করতে হবে। নির্দেশক-এর ক্ষেত্রে ইতিবাচক ও নেতিবাচক—এই ভাগ দেখাতে হবে। অনুজ্ঞা-বাচকের ক্ষেত্রে বর্তমান ও ভবিষ্যৎ-এর রূপ দেখাতে হবে।]

(খ) বাক্যের রূপান্তর ঃ গঠন ও অর্থ অনুসারে।

১৪। অশুদ্ধি সংশোধন ঃ

(ক) বর্ণগত অশুদ্ধি

(খ) পদগঠনগত অশুদ্ধি

(গ) বাক্যগত অশুদ্ধি

কমবেশি ১০০টি উদাহরণ।

বিষয় ঃ নির্মিতি

১৫। বিরামচিহ্ন (punctuation)

দাঁড়ি ; কমা ; সেমিকোলন ; প্রশ্নচিহ্ন ; বিস্ময়চিহ্ন ; উদ্ধৃতিচিহ্ন ; ড্যাশ ; হাইফেন ; কোলন ; বন্ধনীচিহ্ন (bracket) প্রতিটি ক্ষেত্রে উপযুক্ত উদাহরণ দিয়ে এগুলির প্রয়োগ সম্পর্কে ধারণা স্পষ্ট করতে হবে। ড্যাশ ও হাইফেন-এর রূপগত ও প্রয়োগগত তফাত স্পষ্ট করে বোঝাতে হবে।

১৬। বাগ্‌ধারা (idiom) [৫০টি প্রচলিত বাগ্‌ধারার অর্থবহ বাক্যে প্রয়োগ দেখাতে হবে। বাগ্‌ধারা বাছাই করার সময় প্রবাদ-প্রবচনকে বাছাইয়ের বাইরে রাখতে হবে। কারণ প্রবাদ-প্রবচন হচ্ছে তৈরি বাক্য। আর বাগ্‌ধারা বাক্যাংশ মাত্র, যে বাক্যাংশ দিয়ে নতুন বাক্য তৈরি করা যায়।]

১৭। বঙ্গানুবাদ

১৮। (ক) ভাবার্থ

(খ) ভাবসম্প্রসারণ

(গ) প্রতিবেদন রচনা

(ঘ) সভার কার্যবিবরণী রচনা

(ঙ) প্রবন্ধ রচনা

[প্রশ্নপত্রে (ক) ও (খ)-এর মধ্যে যে -কোনো একটি, (গ) ও (ঘ)-এর মধ্যে যে-কোনো একটি উত্তর দেবার নির্দেশ থাকবে। কিন্তু শ্রেণীকক্ষে (ক), (খ), (গ), (ঘ),-এই চারটি বিষয়েরই অনুশীলন শেখাতে হবে। (ঙ) অর্থাৎ প্রবন্ধ রচনা আবশ্যিক। প্রবন্ধের শব্দসীমা কমবেশি ৫০০। প্রতি প্রবন্ধের শেষে অনুরূপ প্রবন্ধের একাধিক শিরোনাম দিতে হবে।]

নির্মিতি-অধ্যায়ের জন্য পৃথক বই রচিত ও ব্যবহৃত হতে পারে।

---

* তারকা-চিহ্নিত অঙ্কগুলির ব্যাখ্যার জন্য পরবর্তী 'টীকা নির্দেশ' দ্রষ্টব্য।

টীকা নির্দেশ

১। স্কুলপাঠ্য বাংলা ব্যাকরণ বইতে ধ্বনি ও বর্ণের বিষয়টি যেভাবে উত্থাপন করা হয় পড়ুয়াদের নিজস্ব ভাষাবোধ ও ভাষা-অনুশীলনের সঙ্গে অনেকক্ষেত্রেই তার মিল থাকে না। ফলে তাদের মনে একটা দুরূহতা ও বিভ্রান্তির ভাব সৃষ্টি হয় । পড়ুয়ারা লেখাপড়ার জগতে আসার আগে থেকেই দৈনন্দিন ভাষা ব্যবহারের সূত্রে কতকগুলো ধ্বনির সঙ্গে পরিচিত হয়। এই পরিচয়ের সময় তারা দেখে তাদের চেনা ধ্বনির সঙ্গে বর্ণমালার কোথাও মিল আছে, কোথাও মিল নেই। সেইজন্য ব্যাকরণের শুরুতে ধ্বনির পরিচয় দেওয়া দরকার। তারপর ধ্বনির সঙ্গে বর্ণের মিল ও গরমিলের জায়গাগুলো তাদের ধরিয়ে দেওয়া দরকার। তারপর তাদের জানানো দরকার, ধ্বনির সঙ্গে কোনো কোনো জায়গায় বর্ণ বা বর্ণমালার গরমিল থাকলেও লেখাপড়ার জগতে কেন প্রচলিত বর্ণমালা শেখা জরুরি। এইভাবে পড়ুয়ার নিজস্ব অভিজ্ঞতার সঙ্গে পাঠ্য বর্ণমালার একটা বোঝাপড়ার জায়গা তৈরি করে দিলে ব্যাকরণ পড়া সহজ ও বিভ্রান্তিহীন হবে। এর বাইরে প্রচলিত ব্যাকরণগুলির প্রথা অনুসরণ করে বর্ণের বিশদ শ্রেণীবিভাগ করার দরকার নেই। এ ক্ষেত্রে পড়ুয়ার পক্ষে আরও যা জানা দরকার তা হল বাংলা ধ্বনির প্রকৃতি ও তার বর্গীকরণ। কিন্তু সে প্রসঙ্গ ষষ্ঠ শ্রেণীর পড়ুয়াদের মানসিক সামর্থ্যের উপযুক্ত নয়, তাই সে প্রসঙ্গ নবম-দশম শ্রেণীর জন্য তুলে রাখা হয়েছে।

২। সন্ধি আসলে পাশাপাশি বা খুব কাছাকাছি থাকা দুটি ধ্বনির মিলন বা পরিবর্তন। কিন্তু প্রচলিত বাংলা ব্যাকরণে সন্ধিকে বলা হয় 'দুই বর্ণের মিলন'। এই সংজ্ঞা বিভ্রান্তিকর । বাংলায় যে সব সন্ধিতে ধ্বনির মিলন বা পরিবর্তন স্বাভাবিকভাবে ফুটে ওঠে, শুধু সেই সব সন্ধির নিয়মই উদাহরণ দিয়ে বোঝানো দরকার। এছাড়া, আর যে সব সন্ধিবদ্ধ তৎসম শব্দ বাংলায় প্রচলিত আছে, সেগুলির সন্ধির নিয়ম বাংলা ব্যাকরণে শেখাবার দরকার নেই। কারণ এই সব ক্ষেত্রে যে সন্ধি হয় তা সংস্কৃত ভাষার নিয়মে হয়, বাংলা ভাষার নিয়মে হয় নাঃ যেমন দুর্গা + উৎসব = দুর্গোৎসব (আ + উ > ও) — এটা সংস্কৃতের নিয়ম ; কিন্তু বাংলায় 'আ' ধ্বনির সঙ্গে খুব তাড়াতাড়ি উ ধ্বনি উচ্চারণ করলেও দুইয়ে মিলে 'ও' ধ্বনির উচ্চারণ হয় না। এসব ক্ষেত্রে তৎসম শব্দগুলিকে একক (unitary) শব্দ হিসাবে ধরে নিয়ে সন্ধিনিরপেক্ষভাবে পুরো বানানটাই শেখা বা শিখিয়ে দেওয়াই বেশি সুবিধাজনক। নতুন করে কোনো সমাসবদ্ধ তৎসম শব্দ বানাবার দরকার হলে সন্ধি না করে সমস্যমান পদগুলিকে (হাইফেন দিয়ে বা না দিয়ে) আলাদা রাখাই ভাববিনিময়ের পক্ষে সুবিধাজনক। বাংলায় স্বরসন্ধির ক্ষেত্রে শুধু সমজাতীয় ধ্বনিবাহী স্বরবর্ণের (আ+ আ ; ই, ঈ, + ই, ঈ; উ, ঊ + উ, ঊ) সন্ধিতেই ধ্বনির মিলন বোঝা যায়। কাজেই স্বরসন্ধির ক্ষেত্রে ভিন্নজাতীয় স্বরবর্ণের সন্ধির সূত্র ও উদাহরণ নিষ্প্রয়োজন।

৩। যে সব শব্দ দিয়ে বাক্য তৈরি হয় বাক্যের অর্থ প্রকাশের ব্যাপারে তাদের সকলেরই সক্রিয় ভূমিকা (function) থাকে। এই সক্রিয়তার ভিত্তিতেই ব্যাকরণে শব্দের শ্রেণীনাম দেওয়া হয়েছে ঃ বিশেষ্য, সর্বনাম, ক্রিয়া, বিশেষণ, ক্রিয়াবিশেষণ। এই সঙ্গে সংস্কৃত ও সংস্কৃতানুসারী প্রচলিত বাংলা ব্যাকরণে শব্দের আর একটি শ্রেণীনাম দেওয়া হয়েছে—'অব্যয়'। এই 'অব্যয়' শব্দটির মধ্য দিয়ে অর্থ প্রকাশের ব্যাপারে সংশ্লিষ্ট শব্দটির কাজের ধারা কী বা কেমন তা বোঝা যায় না। সংস্কৃত ব্যাকরণে বাক্যের যে সব শব্দের কোনো 'ব্যয়' বা রূপান্তর হয় না তাকেই 'অব্যয়' পদ বলা হয়। কাজেই 'অব্যয়' শব্দে সংশ্লিষ্ট শব্দের রূপের একটা পরিচয় পাওয়া গেলেও তার ক্রিয়াকর্মের পরিচয় পাওয়া যায় না। অথচ প্রচলিত বাংলা ব্যাকরণে যে-সব শব্দকে সচরাচর 'অব্যয়' বলা হয় প্রয়োগে তাদের সক্রিয়তা সুস্পষ্ট। প্রচলিত ব্যাকরণের উদাহরণ অনুসারে 'এবং, ও, আর, যদি, কিন্তু, বরং, নচেৎ' ইত্যাদি এবং 'আহা মরি মরি', 'বাঃ', 'ইস' ইত্যাদি অব্যয়। এই শব্দগুলির রূপান্তর হয় না ঠিকই, কিন্তু শব্দগুলির ভূমিকাগত (functional) পরিচয় তাদের রূপান্তরহীনতায় নয়, বাক্যগঠন ও বাক্যের অর্থপ্রকাশে তারা যে ভূমিকা নেয় তার

মধ্যে নিহিত। শব্দের অন্য শ্রেণীগুলির নামকরণে যখন তাদের রূপগত অবস্থানের বদলে ভূমিকাগত পরিচয়কেই গুরুত্ব দেওয়া হয়েছে, তখন এই দুই শ্রেণীর শব্দের নামকরণের ক্ষেত্রে তাদের রূপগত অবস্থানের উপর নির্ভর করার যুক্তি কী? এখানেও তো শব্দগুলির ভূমিকাগত অবস্থানের দিক থেকে নামকরণ করা সম্ভব 'অব্যয়'- এর মতো অকেজো ও অবান্তর পরিভাষা বাদ দিয়ে। পূর্বোক্ত শব্দগুলির মধ্যে 'এবং, ও, আর, যদি' ইত্যাদি বাক্যগঠনের সময় বিভিন্ন শব্দ, বাক্যাংশ ও বাক্যের মধ্যে সংযোগ স্থাপন করে, কাজেই এদের বলা যেতে পারে 'সংযোজক শব্দ' আর 'আহা, মরি মরি, বাঃ, ইস্' ইত্যাদি শব্দের মাধ্যমে বাক্যে একটা আবেগের মাত্রা তৈরি হয়। এই সব শব্দ ব্যবহার না করলে সে মাত্রায় পৌঁছানো যায় না। কাজেই এদের গায়ে 'অব্যয়'-এর মতো একটি নির্জীব ও নিষ্ক্রিয় নামের ছাপ এঁকে দেওয়া যুক্তিযুক্ত নয়, তার বদলে এদের 'আবেগসূচক' আখ্যা দিলে বাক্যে এদের ভূমিকা চিনে নেওয়া সহজ হয়। এইসব যুক্তির ভিত্তিতে শব্দ তথা পদের শ্রেণীবিভাগে 'অব্যয়'-এর ধারণা ও অর্ন্তভুক্তি বর্জন করা হল। পাঠক্রমের পরবর্তী পর্যায়েও এই অব্যয় বর্জনের নীতি অনুসৃত হবে।

৪। 'পক্ষ' শব্দটি ব্যাকরণে প্রচলিত 'পুরুষ' শব্দের পরিবর্তে ব্যবহার করা হয়েছে। এই পরিবর্তনের কারণ 'পুরুষ' শব্দটিতে একাধিক অর্থ প্রকাশ পায়। 'পুরুষ' শব্দের প্রধান অর্থ 'পুংলিঙ্গধারী প্রাণী' ; এই শব্দের আর একটি গৌণ অর্থ —'বংশধারার স্তর'। ব্যাকরণে 'পুরুষ' হচ্ছে বক্তার সঙ্গে সম্পর্কধরে বাক্যের 'উদ্দেশ্য' (subject) অংশের শ্রেণীবিভাগ। 'পুরুষ' শব্দের এই অর্থবৈচিত্র্য এই শব্দের দ্রুত বা তাৎক্ষণিক অর্থগ্রহণের পক্ষে সুবিধাজনক নয়। এই কারণে এই শব্দের দ্বিতীয় গৌণ অর্থের জন্য একটি নতুন শব্দ 'প্রজন্ম' এখন বাংলায় জনপ্রিয় হয়েছে, 'বংশধারার স্তর' হিসাবে 'পুরুষ' শব্দটি এখন শুধু সমাসবদ্ধ শব্দেই ব্যবহৃত হয়। এই সূত্রে ব্যাকরণের ক্ষেত্রে প্রচলিত 'পুরুষে'রও একটি বদলি শব্দ চালু করলে এ বিষয়ের চর্চা সহজসাধ্য হয়। বস্তুত স্কুলপাঠ্য বাংলা ব্যাকরণের প্রায় পৌনে দুশো বছরের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় স্কুলপাঠ্য বাংলা ব্যাকরণের গোড়ার দিককার লেখকেরা 'পুরুষ' ও তার শ্রেণীবিভাগের প্রচলিত নামগুলিতে সন্তুষ্ট ছিলেন না। রামমোহন রায় তাঁর 'গৌড়ীয় ব্যাকরণে'(১৮৩৩) এক্ষেত্রে 'পুরুষ' শব্দটি বজায় রাখলেও তার উত্তম, মধ্যম ও প্রথম—এই শ্রেণীনামের বদলে ইংরেজির অনুকরণে যথাক্রমে 'প্রথম', 'দ্বিতীয়' ও 'তৃতীয়' শব্দগুলি ব্যবহার করেছেন। ঐ সময়ে সংস্কৃতপন্থী আর এক ব্যাকরণ-প্রণেতা ভগবচ্চন্দ্র বিশারদ 'পুরুষ' নামটি গ্রহণযোগ্য মনে করেন নি, তিনি তাঁর 'সাধুভাষার ব্যাকরণ সার সংগ্রহ' গ্রন্থে (১৮৪০) 'পুরুষ'-এর বদলে ইংরেজি 'person'-এর অনুকরণে 'ব্যক্তি' এবং শ্রেণীনামের ক্ষেত্রে রামমোহনের মতোই প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শব্দগুলি ব্যবহার করেছেন। অর্থাৎ এই নাম পরিবর্তনের প্রয়োজন তখনই অনুভূত হয়েছিল, কিন্তু বাংলা স্কুলপাঠ্য ব্যাকরণের বাজারে কট্টর সংস্কৃতপন্থী পণ্ডিতদের ক্রমবর্ধমান ও সংগঠিত চাপের ফলে এই পরিবর্তনের চেষ্টা বেশিদূর এগোয় নি। কিন্তু বর্তমানে যখন শিক্ষিত বাঙালি সমাজে সংস্কৃত ও বাংলা যে দুটো আলাদা ভাষা এ সত্য সুপ্রতিষ্ঠিত, তখন পরিবর্তনের জন্য পূর্বসূরিদের এই অপূর্ণ ইচ্ছার সূত্র ধরেই 'পুরুষ' ও তার শ্রেণীনামের জায়গায় নতুন, সহজবোধ্য ও স্বচ্ছ শব্দ ব্যবহার করা সংগত মনে হয়। এই পরিবর্তন করতে গিয়ে দেখতে হবে 'পুরুষ' শব্দ দিয়ে ব্যাকরণে ভাষার কোন্ বৈশিষ্ট্যটি বোঝানো হয়। দেখা যায়, ভাষায় যত বাক্য ব্যবহার করা হয়, তাতে কোনো-না-কোনো পক্ষের কথা বলা হয়। কোথাও বক্তা নিজেকে নিয়ে বা নিজের পক্ষ নিয়ে কোনো কথা বলে, কোথাও বক্তা যাকে লক্ষ করে কথা বলে তাকে নিয়ে বা তার পক্ষ সম্পর্কে কিছু বলে, আবার কখনও কখনও দেখা যায় বক্তা নিজের সম্পর্কে বা শ্রোতার সম্পর্কে কিছু না বলে বক্তা -শ্রোতার বাইরে-থাকা কোনো বস্তু, প্রাণী বা ভাব সম্পর্কে কিছু বলে। বক্তা এখানেও একটি পক্ষ সম্পর্কে কথা বলে। কিন্তু সে পক্ষ তার নিজের বা তার শ্রোতার নয়, সে পক্ষ এই দুই পক্ষের বাইরের। বক্তা বাক্যে কোন্ পক্ষের কথা বলছে তা বোঝানোর বৈশিষ্ট্যকে সংস্কৃত ও সংস্কৃতানুসারী ব্যাকরণে 'পুরুষ' বলা হয়েছে। বক্তা যখন নিজের পক্ষ নিয়ে বলে তখন বাক্যের উদ্দেশ্য (subject) 'উত্তম পুরুষ', যখন শ্রোতার পক্ষ সম্পর্কে বলে তখন বাক্যের উদ্দেশ্য 'মধ্যম পুরুষ' এবং যখন বক্তা-শ্রোতার বাইরের পক্ষ সম্পর্কে বলে তখন বাক্যের উদ্দেশ্য ' প্রথম পুরুষ'। বাক্যে এই'পুরুষে'র তফাত বোঝা যায়, বাক্যের উদ্দেশ্য অংশের সর্বনাম পদ ও বিধেয় অংশের সমাপিকা ক্রিয়াপদ থেকে। উত্তম পুরুষে'র ক্ষেত্রে 'আমি-আমরা', মধ্যম পুরুষের ক্ষেত্রে'তুই-তুমি-আপনি-তোরা-তোমরা-আপনারা' এবং প্রথম

পুরুষের ক্ষেত্রে 'সে-এ-ও, উনি-তারা, এরা, ওরা, ওঁরা এবং কোনো বিশেষ্য পদ ব্যবহৃত হয়। তথাকথিত 'পুরুষ' শব্দে যখন উদ্দেশ্যে-র পক্ষ বোঝা যায় তখন 'পুরুষ'-এর বদলি শব্দ হিসাবে 'পক্ষ' শব্দটি ব্যবহার করা যেতে পারে। এছাড়া শ্রেণীনামের ক্ষেত্রে সংশ্লিষ্ট সর্বনামের প্রাধান্য অনুসারে উত্তম পুরুষ, মধ্যম পুরুষ ও প্রথম পুরুষের বদলে যথাক্রমে 'আমি-পক্ষ' 'তুমি-পক্ষ' ও 'সে-পক্ষ' ব্যবহার করা যেতে পারে।

৫। ধ্বনিপরিবর্তনের ক্ষেত্রে ব্যাকরণে বহু প্রচলিত 'অপিনিহিতি' বাদ দেওয়া হল। কারণ পশ্চিমি ভাষাবিজ্ঞানে ব্যবহৃত যে (Epenthesis) শব্দের আধারে সুনীতিকুমার চট্টোপাধ্যায় বাংলায় 'অপিনিহিতি' শব্দটি চালু করেছিলেন সেখানে সংশ্লিষ্ট স্বরধ্বনিটি স্বস্থানে থেকেও উপরন্তু ('অপি') আগে এসে উচ্চারিত হয়। কিন্তু বাংলায় যেসব শব্দকে 'অপিনিহিতি'-র উদাহরণ বলে দেখানো হয় সেখানে শুধু স্বরধ্বনির স্থানান্তর ঘটে, কিন্তু সেই সঙ্গে তার স্বস্থানে অবস্থানটি বহাল থাকে না। কাজেই এগুলি স্বরধ্বনির বিপর্যয়মাত্র। অন্যদিকে 'অভিশ্রুতি' বলতে যা বলা হয় তা আসলে স্বরধ্বনি-পরিবর্তনের একটিমাত্র প্রক্রিয়া নয়, এটি স্বরসংগতি ও স্বরলোপের সম্মিলিত যোগফল। 'অভিশ্রুতি' সম্পর্কে পাঠ দেবার সময় এই বিষয়টি পড়ুয়াদের কাছে পরিষ্কার করতে হবে।

৬। সমাসের ক্ষেত্রে 'অব্যয়ীভাব' বাদ দেওয়া হল। কারণ বাংলায় এ ধরনের কোনো সমাসের চল নেই। সংস্কৃতে 'অব্যয়ীভাব' শব্দটির মূল অর্থ হচ্ছে 'যা আগে অব্যয় ছিল না তার অব্যয় হয়ে ওঠা'। সংস্কৃতে এমন কিছু শব্দ আছে যা আদিতে অব্যয় না হলেও সমাস হবার পর তা অব্যয় হিসাবে ব্যবহৃত হয়। বাংলায় এই সব সমাসবদ্ধ সংস্কৃত শব্দ চালু আছে, কিন্তু তাদের প্রয়োগ অব্যয়ের মত নয়। প্রয়োগে কোথাও তা বিশেষ্য (যেমন, উপদ্বীপ, উপকথা, দুর্ভিক্ষ ইত্যাদি), কোথাও বিশেষণ (অনুরূপ, অনুকূল, প্রতিকূল, নির্বিঘ্ন, ইত্যাদি), কোথাও বা ক্রিয়াবিশেষণ (যথাসাধ্য, যথেষ্ট, যথাবিধি, আকণ্ঠ, আমরণ ইত্যাদি)। আবার এর অনেকগুলির গঠন বাংলা তৎপুরুষ ও বহুব্রীহির নিয়মেও দেখানো যায়।

৭। বাচ্যের তালিকা থেকে তথাকথিত 'কর্মবাচ্য ও কর্মকর্তৃবাচ্য-কে বাদ দেওয়া হয়েছে। কারণ গঠনের দিক থেকে কর্মবাচ্য আসলে ভাববাচ্য-ই। আমি বইটা পড়েছি—কর্তৃবাচ্য। প্রচলিত নিয়ম অনুসারে 'বইটা আমার পড়া হয়েছে'—কর্মবাচ্য। এখানে বইটা কর্ম হলেও ক্রিয়াকে নিয়ন্ত্রণ করছে '(বইটা আমার) পড়া' ক্রিয়াবিশেষ্য বা ক্রিয়ার ভাব, সুতরাং উদ্দেশ্য ও ক্রিয়ার সাযুজ্যের নিরিখে এটি ভাববাচ্য। আবার 'শাঁখ বাজে'— প্রচলিত নিয়মে এটি কর্মকর্তৃবাচ্য। কিন্তু এখানে বাস্তবে শাঁখ অন্য কেউ বাজালেও বাক্যের গড়নের দিক থেকে ক্রিয়াকে নিয়ন্ত্রণ করছে বাক্যের কর্তা শাঁখ। এখানেও উদ্দেশ্য ও ক্রিয়ার সাযুজ্যের নিরিখে এটিকে কর্তৃবাচ্য হিসাবে চিহ্নিত করা যুক্তিযুক্ত। এ ব্যাপারে মণীন্দ্রকুমার ঘোষের আলোচনা এবং পবিত্র সরকারের 'পকেট বাংলা ব্যাকরণ'পড়লে ধারণা পরিষ্কার হবে।

ENGLISH

CLASSES— VI to X

(I) (a) Reading a story, a report,any narrative material, a process, a description, a dialogue, an exemplification etc. and being able to

(i) grasp the central thought of a communication,

(ii) follow the structure of a communication, the inter-relationship of ideas, development of the theme/ an argument,

(iii) sequence correct order of facts or ideas as in the passage,

(iv) identify, ideas relevant to the development of the theme of argument,

(v) identify, irrelevant details,

(vi) appreciate relationship of ideas in passage - order of presentation-evidence-conclusion etc,

(vii) make inferences about the content of a communication and about the purpose and point of view of its author,

(viii) make informed guesses as to the future trends of consequences of ideas or arguments presented in a communication,

(ix) answer comprehensive questions,

(x) fill in forms, table, charts, etc. with information available, carry out written instructions etc.

(b) The development of the reading skill being the major aim, the text should comprise of a variety of authentic reading materials accompanied with purposeful communicative activities. These should be from newspapers, history, geography, social science, science, literature, etc.

(c) When testing the reading skill, the questions should be framed in such a manner that they require little or no writing on the part of the students.(e.g. draw arrows, put ticks/ crosses, write a number, answer in a word two/a sentence, etc.)

(II) Students should be required to

(a) retell stories/narrate events, stories, etc.

(b) report,

(c) write descriptions of places, persons, objects, etc.

(d) describe a process,

(e) write applications, invitations and letters of complaints, requests, etc., replies to letters and also to pen-friends in other states/abroad,

(f) summarise information/facts, etc.

(g) define/exemplify/ explain,

(h) categorize/classify,

(i) transfer information from tables, charts, diagrams, illustrations, pictures etc.

(j) assess characters/books, etc.

(k) appreciate stories, poems etc, at an elementary level,

(l) give opinion, argue, warn, advise, make inferences,

(m) present problems and suggest solutions/evaluate,

(n) relate cause and effect and make conclusion, etc.

Since the primary objective is to assess the acquisition of the Language skills rather than knowledge of the lessons in the text, a suitable scheme should be devised to do so. For final assessment only the skills of reading and writing may be taken into consideration. Assessment of the content or context of the textual lessons has no place in the scheme. Grammar and vocabulary are to be assessed in appropriate communicative conext.

4. (i) No separate Grammar or Translation text is to be prescribed or recommended.

   (ii) There will be no formal assessment of translation.

5. Poems included in the texts will be read and taught both practice and evaluation, as Reading Comprehension (seen), similar to those given in the text book. There will not be any question in the nature of critical appreciation of the poems. There will not be any poems for evaluation in Reading Comprehension (unseen).

Recommendations of the two-day workshop (29-30 July, 2000) & the English Sub-Committee of West Bengal Board of Secondary Education

The English Sub-Committee has been working on readjusting the course-content with the recommendations of Dr. Ashok Mitra Commission and Dr. Pabitra Sarkar Committee since 1994. Meanwhile, the Committee for studying the comparability of the syllabi in the Secondary and the Higher Secondary stages organised a two-day workshop (July 29-30, 2000) for enlisting expert opinion on the issue. The Group working on English study at Secondary & Higher Secondary level posited that —

(i) Inclusion of literary matters in the revised Learning English series since 1995 revision from Class VI in view of the recommendation of Dr. Ashok Mitra Commission definitely ensures some compatibility with the syllabus and coursebook focus at Higher Secondary level.

(ii) Incorporation of grammatical concept-annotation and further structural operation on the part of the students in the Coursebooks have been ensured.

(iii) Provision for sentence-based answers has been extended and bare slot-filling which involves least language-activity has been minimised in the revised series. This will go a long way to remove the student-deficiency toward acquiring writing fluency too.

(iv) Joyful learning materials, e.g., humorous stories, have replaced the so-called arid process-description and the like.

All these have ensured compatibility between the English studies at both the levels.

Some specific suggestions :

(i) Re-shuffling of the text-materials of Class VI in the light of the contents covered in the English coursebooks of Class III - V (e.g. Lessons 15 on Cardinal and Ordinal Numbers, Lesson 17 on the Days of the Week & Lesson 18 on the English Months may be dropped from the existing Class VI Coursebook.

(ii) The load of the text-materials in the existing Coursebook for Class VII, may be lessened. Lesson 18 (Who's stronger) of Class VII Coursebook may be shifted to Class VI. Lesson 5 (Live and Let Live) and Lesson 2 (My School) may be merged into one since they contain almost the same language functions.

(iii) Activities helpful for comprehending unseen passages may be incorporated in Class VII Coursebook and lest the text materials become voluminous, some existing text materials may be eliminated.

(iv) Oral Examination in Classes VI—VIII.

Class VI—20 marks for Reading (Seen)

Class VII—10 marks for Reading (Seen)

Class VIII—do-

(v) Coursebooks for Classes IX—X (existing ones)

— Good blend of language functions & literary contents.

— Effective exercise for skill-development.

— Lesson—5 (The Importance of Jute) may be dropped, since such a rather mechanical text material impedes joyful learning. The grammar items attached to this lesson may be utilised elsewhere in the book.

— No change is suggested for the text-material of the Coursebook for Class X.

— Questions on phrasal verbs must be from within the Glossary at page 66.

— Fourteen types of writing activities are in the existing Madhyamik Syllabus. The number should be reduced and the following :

Eight types of writing activities to be included in the syllabus :

(a) Retelling stories, (b) Describing a process, (c) Notice writing, (d) Letter Writing—both informal and formal ; [The English Sub-Committee recently has decided to introduce some germinal idea of e-mail composition of a letter from Class VII], (e) Reporting (Newspaper type) ; (f) Reporting of a conversation ; (g) Profile writing ; (h) Telegram.

Development of the learners' skills in the above eight types of writing is to be ensured through extensive practice.

Provision of such practice should be created in the Coursebooks which must incorporate interesting and challenging tasks and exercises. The allocation of marks to such writing activities should be reduced from 40 to 30. 10 marks should be earmarked for writing short answers (at least 3 full sentences) to questions from the Reading texts in the Coursebooks. This may help the learner concentrate on reading and writing and thereby integrated skills of reading and writing.

— The pass marks for individual subjects, particularly in English (Second Language), should be 25 instead of 20 since the Unit Marking System operates in English (Second Language).

— The Coursebooks should exploit themes related to patriotism, values, environment-awareness, human qualities, communal harmony. Original stories of renowned writers, as far as possible, should be exploited in the Coursebooks.

।। মাধ্যমিক স্তরের ইতিহাস বিষয়ের পাঠ্যক্রম ও পাঠ্যসূচী ।।

শ্রেণী ঃ ষষ্ঠ

প্রচলিত পাঠ্যসূচী ঠিক আছে। পরিবর্তনের প্রয়োজন নেই। বরাদ্দ ক্লাস পিরিয়ডের মধ্যে পাঠ্যসূচী শেষ করা সম্ভব।

শ্রেণী ঃ সপ্তম

প্রচলিত পাঠ্যসূচী মোটামুটি ছাত্রছাত্রীদের আয়ত্তের মধ্যে। সুতরাং আপাততঃ পরিবর্তনের প্রয়োজন নেই। সামান্য কিছু পরিবর্তন করা হলো।

(৮ম শ্রেণীর পরিবর্তিত পাঠ্যক্রমের সঙ্গে সামঞ্জস্য রেখে)

শ্রেণী ঃ অষ্টম

পরিবর্তিত পাঠ্যক্রম ও পাঠ্যসূচী পৃথকভাবে সংশ্লিষ্ট হলো।

শ্রেণী ঃ নবম ও দশম

পরিবর্তিত পাঠ্যক্রম ও পাঠ্যসূচী পৃথকভাবে সংশ্লিষ্ট হলো।

অষ্টম শ্রেণী

।। প্রস্তাবিত পরিবর্তিত পাঠ্যক্রম ।।

১ম অধ্যায় ঃ

আধুনিক যুগ—আধুনিকতার বৈশিষ্ট্য - বাণিজ্য ও শিল্প অর্থনীতির বিকাশ - ধনতন্ত্রের উত্থান - যুক্তিবাদ ও উদারনৈতিক গণতন্ত্র - সাম্যবাদী ভাবনা। পৃষ্ঠাসংখ্যা-৪

২য় অধ্যায় ঃ

ক) ইউরোপীয় নবজাগরণ - নবজাগরণের বৈশিষ্ট্য ও মধ্যযুগীয় সংস্কৃতির সঙ্গে এর তুলনা ও সম্পর্ক - নবজাগরণের প্রেক্ষিত; উত্তর ইটালির নগর ও বাণিজ্য - মুদ্রণ বিপ্লব - শিক্ষা ব্যবস্থা। পৃষ্ঠাসংখ্যা-৪

খ) মানবিকতাবাদ - চিত্রকলা, সাহিত্য ও ধর্মে মানবিকতাবাদের প্রভাব - বিজ্ঞান। পৃষ্ঠাসংখ্যা-৩

৩য় অধ্যায় ঃ

ইউরোপের ধর্মসংস্কার আন্দোলন - মানবিকতাবাদ ও ধর্মসংস্কার ঃ লুথার, ইরাসমাস এবং কেলভিন -ধর্ম ও রাজনীতির পৃথকীকরণ - আঞ্চলিক নিরঙ্কুশ রাজতন্ত্রের উত্থান ঃ ইংলণ্ড ও জার্মানি। পৃষ্ঠাসংখ্যা-৩

৪র্থ অধ্যায় ঃ

ইউরোপের বাণিজ্যিক বিপ্লব - ইউরোপের সমুদ্র বাণিজ্যের প্রসার - ভৌগোলিক আবিষ্কার - বিশ্ববাণিজ্যে ইউরোপীয় নিয়ন্ত্রণের সূচনা - বৈজ্ঞানিক আবিষ্কার ও পরিবর্তনশীল অর্থনীতির সঙ্গে তার সম্পর্ক। পৃষ্ঠাসংখ্যা-৬

৫ম অধ্যায় ঃ

ক) ভারতবর্ষে ইউরোপীয়দের প্রবেশ - সমকালীন ভারতবর্ষে রাজনৈতিক ও সামাজিক অবস্থা -মুঘল রাজশক্তির উত্থান, প্রসার ও প্রতিষ্ঠা - মুঘল রাজতন্ত্রের বৈশিষ্ট্য - আঠারো শতকের সাম্রাজ্যের সংকট। পৃষ্ঠাসংখ্যা-১০

খ) আঠারো শতকের ভারতবর্ষে ইউরোপীয় বাণিজ্য — ইংরাজ বণিকদের আধিপত্য ও ফারুকশিয়রের ফরমান (১৭১৭ খ্রীঃ অব্দ) - বাংলায় বাণিজ্যিক আধিপত্যের ভিত্তিতে রাজনৈতিক ক্ষমতা দখল (১৭৫৭-১৭৬৫ খ্রীঃ) পৃষ্ঠাসংখ্যা-৫

গ) ১৭৬৫-১৮১৮ খ্রীঃ অব্দ পর্যন্ত ভারতে ব্রিটিশ শক্তির প্রতিষ্ঠা ও প্রসার। পৃষ্ঠাসংখ্যা-৬

ভষ্ঠ অধ্যায় ঃ

ক) আঠারো ও উনিশ শতকের পাশ্চাত্যে যুক্তিবাদ, প্রগতিভাবনা ও উদারবাদী রাজনৈতিক দর্শন - আমেরিকার বিপ্লব পৃষ্ঠাসংখ্যা-৪

খ) শিল্পবিপ্লবের সূচনা ঃ ইংলণ্ড ও ফ্রান্স পৃষ্ঠাসংখ্যা-২

গ) ফরাসী বিপ্লব - বৈপ্লবিক চিন্তাধারা - বিপ্লবের বিভিন্ন পর্যায় - নেপোলিয়ন ও জাতীয়তাবাদ পৃষ্ঠাসংখ্যা-৭

ঘ) উনিশ শতকের ইউরোপে জাতীয়তাবাদী চেতনার বিকাশ ও জাতীয় রাষ্ট্রের উত্থান - ফ্রান্স, জার্মানি ও ইটালি পৃষ্ঠাসংখ্যা-৪

ঙ) শিল্প বিপ্লবের অগ্রগতি ও শ্রমিকশ্রেণীর উত্থান - সমাজতান্ত্রিক চিন্তাধারার সূত্রপাত পৃষ্ঠাসংখ্যা-৩

৭ম অধ্যায় ঃ

ক) উনিশ শতকের ভারত ঃ

ইংরাজ শাসনের সামাজিক ও অর্থনৈতিক প্রভাব - ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ - সমাজসংস্কার ও জাতীয়তাবাদ - জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা - প্রথম যুগের কংগ্রেস - স্বদেশী যুগ। পৃষ্ঠাসংখ্যা-৯

খ) উনিশ শতকের পূর্ব এশিয়া - চীন ও জাপানে ইউরোপীয় বণিকদের উপস্থিতি - পাশ্চাত্যের প্রভাব - চীনে ইউরোপীয় নিয়ন্ত্রণ - জাপানের আধুনিকীকরণ - জাপানের শিল্পায়ন। পৃষ্ঠাসংখ্যা-৪

৮ম অধ্যায় ঃ বিংশ শতাব্দীর বিশ্ব ঃ

